রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, আগস্ট ২১, ২০১৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**জাতীয় রাজস্ব বোর্ড**

**[ মূল্য সংযোজন কর ]**

## আদেশ

তারিখ ঃ ০৫ শ্রাবণ, ১৪২১ বঙ্গাব্দ/২০ জুলাই, ২০১৪ খ্রিস্টাব্দ

**নং ১১/মূসক/২০১৪**—অর্থ আইন, ২০১৪ (২০১৪ সনের ০৪ নং আইন) এর ধারা ৬৮ এর উপ-ধারা (১) মোতাবেক বাংলাদেশে আমদানিকৃত ও উৎপাদিত সেলুলার মোবাইল টেলিফোন সেট এর উপর মূল্যভিত্তিক ১ (এক) শতাংশ হারে তথ্য ও যোগাযোগ প্রযুক্তি উন্নয়ন সারচার্জ আরোপ করা হইয়াছে। এই সারচার্জ নিরূপণ ও আদায়ের লক্ষ্যে উক্ত আইনের ধারা ৬৮ এর উপ-ধারা (৪) এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড, নিম্নরূপ আদেশ জারী করিল, যথা ঃ—

১। **সারচার্জ অরোপ**।—বাংলাদেশে আমদানিকৃত ও স্থানীয়ভাবে উৎপাদিত সেলুলার মোবাইল টেলিফোন সেট এর উপর সারচার্জ অরোপযোগ্য হইবে।

২। **সারচার্জ নিরূপণ**।—আমদানিকৃত অথবা স্থানীয়ভাবে উৎপাদিত সেলুলার মোবাইল টেলিফোন সেট এর উপর মূল্যভিত্তিক ১ (এক) শতাংশ হারে সারচার্জ নিরূপিত হইবে।

৩। **সারচার্জ আদায়, পরিশোধ, ইত্যাদি**।—(১) অর্থ-আইনের ধারা ৬৮ এর উপ-ধারা (১) এর উদ্দেশ্য পূরণকল্পে, কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান কর্তৃক—

(ক) আমদানিকৃত সেলুলার মোবাইল টেলিফোন সেট এর ক্ষেত্রে, যে মূল্যের ভিত্তিতে আমদানিস্তরে আমদানি শুল্ক নিরূপণ করা হয়, সেই মূল্যের উপর সারচার্জ প্রদেয় হইবে;

(খ) স্থানীয়ভাবে উৎপাদিত সেলুলার মোবাইল টেলিফোন সেট এর সরবরাহের ক্ষেত্রে, উৎপাদনস্তরে মূসক আইনের ধারা ৫ এর উপ-ধারা (২) এর অধীন ঘোষিত ও অনুমোদিত মূল্য সংযোজন কর আরোপযোগ্য মূল্যের উপর, সারচার্জ প্রদেয় হইবে।


**মূল্য ঃ** টাকা ৪.০০

(২) আমদানি ও উৎপাদন পর্যায়ে প্রদেয় সারচার্জ আদায়ের ক্ষেত্রে ট্রেজারী চালানের মাধ্যমে বা প্রযোজ্য ক্ষেত্রে, ইলেক্ট্রনিক ট্রান্সফারের মাধ্যমে নির্ধারিত কোডে (১/১১৩৩/সংশ্লিষ্ট কাস্টম হাউস বা কমিশনারেট কোড/২২১৪) জমা প্রদান করিতে হইবে।

(৩) সেলুলার মোবাইল টেলিফোন সেট এর উৎপাদক প্রতিষ্ঠান কর্তৃক পণ্য সরবরাহের চালানপত্রে (মূসক-১১) সারচার্জের পরিমাণ আলাদাভাবে উল্লেখ করিতে হইবে এবং প্রতি কর মেয়াদে দাখিলপত্রের সাথে সারচার্জ জমার ট্রেজারী চালানের মূলকপি সংযুক্ত করিতে হইবে।

৪। **আদায়কৃত সারচার্জের পরিমাণ ও উহার প্রদর্শন।**—কাস্টম হাউজ বা কাস্টমস স্টেশন কর্তৃক আমদানিস্তরে এবং কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেটসমূহ কর্তৃক উৎপাদনস্তরে আদায়কৃত সারচার্জের পরিমাণ মাসিক রাজস্ব বিবরণীতে ভিন্ন কলামে কর বহির্ভূত রাজস্ব হিসাবে প্রদর্শন করিতে হইবে।

৫। **দণ্ড।**—(১) কোন ব্যক্তি বা প্রতিষ্ঠান অনুচ্ছেদ ৩ এর বিধান লংঘন করিলে উহা মূসক আইনের অধীন একটি অপরাধ বলিয়া গণ্য হইবে এবং উক্তরূপে সংঘটিত অপরাধের ক্ষেত্রে মূসক আইন ও তদধীন প্রণীত বিধিমালা অনুসারে দণ্ড আরোপণীয় হইবে এবং প্রযোজ্য ক্ষেত্রে, মূসক আইনের ধারা ৫৬ মোতাবেক ব্যবস্থা গ্রহণ করা যাইবে।

(২) উপ-অনুচ্ছেদ (১) এর অধীন কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের উপর অর্থদণ্ড অরোপ করা হইলে এবং সংশ্লিষ্ট ব্যক্তি বা প্রতিষ্ঠান উক্ত অর্থদণ্ড পরিশোধে ব্যর্থ হইলে সহকারী কমিশনার পদমর্যাদার নিম্নে নহেন এইরূপ কোন কর্মকর্তা তাহার সেলুলার মোবাইল টেলিফোন সেট এর খালাস বা সরবরাহ স্থগিত করিতে পারিবেন।

২। এই আদেশ ১লা জুলাই, ২০১৪ খ্রিঃ হইতে কার্যকর হইয়াছে বলিয়া গণ্য হইবে।

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মোঃ শওকাত হোসেন**
প্রথম সচিব (মূসক নীতি)।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site : www.bgpress.gov.bd